

বাক্য থেকে বচনে রূপান্তর

- আকারে রূপান্তরিত করা আর বচনে রূপান্তরিত করা
- (i) কোন বস্তু একই সঙ্গে গোল ও বর্গাকার হতে পারে না —এই বাক্যের যুক্তিবিজ্ঞানসম্মত আকার হ'ল :
কোন গোলাকার বস্তু নয় বর্গাকার বস্তু । (E)
- (ii) যে সূর্যের দিকে মুখ ক'রে থাকে সে তার নিজের ছায়া দেখতে পায় না। (A)
—এই বাক্যটির যুক্তিবিজ্ঞানসম্মত আকার হ'ল :
কোন ব্যক্তি যে সূর্যের দিকে মুখ ক'রে থাকে নয় এমন ব্যক্তি যে তার নিজের ছায়া দেখতে পায়। (E)
- (iii) মহৎ ব্যক্তি ছাড়া আর কেউ মহৎ ব্যক্তিদের অসুখী মনে করে না —এই বাক্যের যুক্তিবিজ্ঞানসম্মত আকার বা সংক্ষেপে L.F. হ'ল :
সকল ব্যক্তি যারা মহৎ ব্যক্তিদের অসুখী মনে করে হয় মহৎ ব্যক্তি। (A)
- (iv) সব ভাল তার শেষ ভাল যার। এই বাক্যের L.F. হ'ল :
সকল বস্তু যার শেষ ভাল হয় এমন বস্তু যার সব ভাল। (A)

- (v) যদি কোন বস্তুতে বাহি না থাকে তাহলে সেই বস্তুতে ধূম থাকে না। —এই বাক্যের L.F. হ'ল :
সকল ধূমবান বস্তু হয় বহিমান। (A)
- স্থান বা সময় ধরে যে সকল বাক্যকে বচনে রূপান্তরিত করতে হয় তার কতকগুলি উদাহরণ দেওয়া হ'ল :
- (i) বিল কখনও কাজে যাবার সময় সোয়েটার ব্যবহার করে না।
L.F. কোন সময় যখন বিল কাজে যায় নয় এমন সময় যখন সে সোয়েটার ব্যবহার করে। (E)
- (ii) তাকে অনুরোধ না করা হ'লে সে তার নিজের মত দেয় না।
L.F. সকল সময় যখন সে তার নিজের মত দেয় হয় এমন সময় যখন তাকে অনুরোধ করা হয়। (A)
- (iii) যেখানেই গাছপালা জন্মায় সেখানেই জলের দরকার হয়।
L.F. সকল স্থান যেখানে গাছপালা জন্মায় হয় এমন স্থান যেখানে জলের দরকার হয়। (A)
- (iv) রাম সব সময় খেলায় জয়লাভ করে।
L.F. সকল সময় যখন রাম খেলে হয় এমন সময় যখন সে জয়লাভ করে। (A)
- (v) রেগে গেলে তার মুখ লাল হয়।
L.F. সকল সময় যখন সে রেগে যায় হয় এমন সময় যখন তার মুখ লাল হয়। (A)

=====

vii) চাকুরীজীবী ছাড়া সকলেই এই পদের যোগ্য।

L.F. কোনো চাকুরীজীবী নয় এই পদের যোগ্য ব্যক্তি এবং সকল অ- চাকুরীজীবী হয় এই পদের যোগ্য ব্যক্তি।

viii) সোনা-ই একমাত্র মূল্যবান ধাতু নয়।

L.F. সোনা হয় মূল্যবান ধাতু এবং কোন কোন অ-সোনা হয় মূল্যবান ধাতু।

ix) প্রায় সব ছাত্র ভারতীয়।

L.F. কোন কোন ছাত্র হয় ভারতীয় এবং কোন কোন ছাত্র নয় ভারতীয়।

x) আকাশচুম্বী অট্টালিকাগুলোই একমাত্র আধুনিক প্রযুক্তির নিদর্শন নয়।

L.F. সকল আকাশচুম্বী অট্টালিকা হয় আধুনিক প্রযুক্তির নিদর্শন এবং কোন কোন বস্তু যা আকাশচুম্বী নয় হয় আধুনিক প্রযুক্তির নিদর্শন।

=====

এই নিরপেক্ষ ন্যায়গুলির বৈধতা বিচার কর:

১) কতিপয় ছাত্র যুক্তিবিজ্ঞানে দক্ষ, কারণ কতিপয় ছাত্র বুদ্ধিমান এবং কেবলমাত্র বুদ্ধিমানরাই যুক্তিবিজ্ঞানে দক্ষ।

২) ভারতীয় ক্রিকেট খেলোয়াড়রা সর্বদাই প্রশংসার যোগ্য, কারণ তারা জেতার জন্য লড়াই করে, এবং একমাত্র তারাই প্রশংসার যোগ্য যারা জেতার জন্য লড়াই করে।

৩) কোন বস্তু একই সঙ্গে গোল ও বর্গাকার হতে পারে না। বল হয় গোল; অতএব, সেটি বর্গাকার নয়।

৪) যদি কোন বস্তু জড় হয় তাহলে তা অবশ্যই বিস্তৃতিশীল।

যদি কোন বস্তু বিস্তৃতিশীল হয় তাহলে তা অনিত্য।

অতএব, যদি কোন বস্তু জড় হয় তাহলে তা অনিত্য।